



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
জীবন বীমা কর্পোরেশন  
উন্নয়ন পরিসংখ্যান ও ব্যবসা পর্যালোচনা  
www.jbc.gov.bd

নম্বর ৫৩.১৯.০০০০.৬০২.৩৮.০০১.২১.২৬

তারিখ: ২৯ চৈত্র ১৪২৭

১২ এপ্রিল ২০২১

অফিস বিজ্ঞপ্তি

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, জীবন বীমা কর্পোরেশনের রিজিওন ও কর্পোরেট সেবা দপ্তর থেকে বিভিন্ন ধরনের দাবীর চেক আনুষ্ঠানিক/অনানুষ্ঠানিকভাবে প্রদান করা হচ্ছে, যা পূর্ব থেকে প্রধান কার্যালয়কে অবহিত করা হচ্ছে না। সম্মানিত বীমাগ্রাহকদের দাবী পরিশোধ কর্পোরেশনের একটি বড় অর্জন। যথা নিয়মে দাবী হস্তান্তর ও প্রচারণা না থাকায় জীবন বীমা কর্পোরেশন এই অর্জনের সুবিধা কাজে লাগাতে পারছে না।

এক্ষেত্রে জনপ্রতিনিধি, কর্পোরেশনের পরিচালক পর্যদের চেয়ারম্যান, ম্যানেজিং ডাইরেক্টর, স্থানীয় প্রশাসন ও সমাজের গণ্যমাণ্য ব্যক্তিবর্গের মাধ্যমে উক্ত চেকগুলি প্রদান করে বিভিন্ন মাধ্যমে প্রচার করলে মানুষের মধ্যে ইতিবাচক ভাবমূর্তি সৃষ্টি করবে এবং ব্যবসা সম্প্রসারণে অধিক সহায়ক হবে।

এমতাবস্থায়, রিজিওনাল অফিসের ক্ষেত্রে বীমা দাবীর অংক ২ লাখ টাকার বেশী এবং কর্পোরেট সেবা দপ্তরের ক্ষেত্রে বীমা দাবীর অংক ১ লাখ টাকার বেশী হলে ম্যানেজিং ডাইরেক্টর মহোদয়কে অবহিত করে আনুষ্ঠানিকভাবে সকল প্রকার দাবীর চেক হস্তান্তরের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১২-৪-২০২১

আবুল ফাতাহ মোঃ বালিগুর রহমান  
জেনারেল ম্যানেজার-উন্নয়ন

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেনারেল ম্যানেজার (সকল)
- ২) রিজিওনাল ইনচার্জ (সকল)
- ৩) কর্পোরেট ইনচার্জ, (সকল)

৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, জীবন বীমা কর্পোরেশন

৫) ডিএম (পিএস টু এম ডি), ম্যানেজিং ডাইরেক্টর এর দপ্তর, জীবন বীমা কর্পোরেশন